

তারিখ 25 JAN 1987
পৃষ্ঠা 6 কলাম 1

উপজেলা পরিষদ

কালীগঞ্জ (গাজীপুর), ২৪ জানুয়ারী
(সিংবাদদাতা)।— গাজীপুর জেলার ৫টি
উপজেলার অন্যতম উপজেলা কালীগঞ্জ।
কালীগঞ্জ উপজেলার আয়তন ৭৩
বর্গমাইল। লোকসংখ্যা ১ লাখ ৬৮
হাজার শশ ৮৪ জন। তার মধ্যে পুরুষ
৮৮ হাজার ২শ' ১৯ জন, মহিলা ৮০,
হাজার ওশ' ৬৭ জন। এ উপজেলায় ৭টি
ইউনিয়ন, ১৭টি মৌজা । ১৩৮টি গ্রাম
রয়েছে। এখানকার মোট জনসংখ্যার
সিংহভাগ লোক কৃষিজীবী এবং এদের
জীবনযাত্রার মান দারিদ্র্যসীমার নীচে।

যোগাযোগ ব্যবস্থা
কালীগঞ্জ। উপজেলার যোগাযোগ ব্যবস্থা
অতীত কাল থেকেই দুর্গম। আজো জেলা
সদরের সাথে সুষ্ঠু যোগাযোগ ব্যবস্থা গড়ে
ওঠেনি। এবং উপজেলা সদরের সাথে
গ্রামগুলোর যোগাযোগ ব্যবস্থা আরো
নাইক। ফলে আজো উপজেলাবাসী
যাতায়াতে দুর্ভোগের শিকার হচ্ছে। জিয়া
সড়ক, স্বপন সড়ক, গাজীপুর নারগানা
সড়কসহ অন্যান্য গুরুত্বপূর্ণ সড়কগুলোর
পাকা করা অপরিহার্য।

१५

উপজেলার ৮৫% ভাগেরও বেশী লোক
ক্ষমিজীবী। মোট জমির পরিমাণ ৩৬
হাজার ১শ' ২০ একর। এর মধ্যে আবাদি
জমির পরিমাণ ৩৪ হাজার ৭শ' ৬০ একর
এবং অনাবাদী জমির পরিমাণ ২ হাজার
১শ' ৬০ একর। জমির প্রকারভেদে
কালীগঞ্জ উপজেলায় একফসলী,
দোফসলী, তেফসলী শস্যের আবাদ হয়ে
থাকে। কৃষি পণ্যের মধ্যে ধান, পাট, ডাল,
পিয়াজ ও মরিচটি প্রধান।

শিক্ষা ব্যবস্থা
কালীগঞ্জ উপজেলার মোট জনসংখ্যার
৩৫% শিক্ষিত। এ উপজেলায় ২টি
মহাবিদ্যালয়, ১টি আলিয়া মাদ্রাসা, ২৩টি
উচ্চ বিদ্যালয় (১৮টি বালক ৫টি
বালিকা), ৭৪টি সরকারী, ১২টি
বেসরকারী প্রাথমিক বিদ্যালয় এবং ৩টি
সিনিয়র, ৪টি জুনিয়র, ৪টি এতিমথানা ও
৩১২টি ফোরকানিয়া মাদ্রাসা রয়েছে।
প্রয়োজনীয় সরকারী অনুদানের অভাবে
শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অবস্থা শোচনীয়।

ପ୍ରତିଲିପି ଓ ଚିକିତ୍ସା

কালীগঞ্জ উপজেলাবাসীর চিকিৎসার জন্য
১টি স্বাস্থ্য কমপ্লেক্স, ১টি বেডফর্ম
হাসপাতাল ও ১টি দাতব্যচিকিৎসালয়
আছে। ৩১ শয্যাবিশিষ্ট স্বাস্থ্য কমপ্লেক্সে
পর্যোঃপ্রণালী থেকে শুরু করে পানি
সরবরাহ পর্যন্ত কোন কিছুর সুষ্ঠু ব্যবস্থা
নেই। এখনো সদর স্বাস্থ্য কমপ্লেক্সে রোগী
ভর্তি করার কোন ব্যবস্থা কর্তৃপক্ষ করতে
পারেনি। ফলে রোগীদের নিয়ে ঢাকাসহ
বিভিন্ন হানে ছুটতে হয় চিকিৎসার
আশায়।

টেলিফোন

কালীগঞ্জে প্রস্তাবিত টেলিফোন একচেষ্টা
স্থাপিত না হওয়ায় জেলা সদর
গাজীপুরের সাথেও টেলিফোন
যোগাযোগ গড়ে উঠেনি। ৩৫ মাইল
বিশিষ্ট একটি সিবি রোডের মাধ্যমে
ঘোড়াশাল দিয়ে ঢাকার সাথে টেলিফোনে
যোগাযোগ করতে দু'আড়ই ঘণ্টারও
বেশী সময় লাগে। কালীগঞ্জে একচেষ্টা
নির্মিত না হওয়ায় উপজেলাবাসী দীর্ঘদিন
ধরে টেলিফোন যোগাযোগেও দুর্ভোগ
পোহাচ্ছেন।